
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অন্য কারো জন্য নিজের জায়গা ছেড়ে দেব- এটা হাস্যকর: নোরা ফাতেহি

ct 7




কোহলির পাশে দাঁড়ালেন গাঙ্গুলী

ct 8

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০২৯ ● কলকাতা ● ১৬ মাঘ, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ৩০ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## কুম্ভমেলায় পদদলিত হয়ে নিহত বেড়ে ৪০



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মহাকুম্ভ মেলায় মৌনী অমাবস্যায় 'পবিত্র স্নান' করতে গিয়ে পদদলিত হয়ে মৃতের সংখ্যা বেড়ে ৪০ জনে দাঁড়িয়েছে। বুধবার বিকেলে বার্তাসংস্থা রয়টার্স এক প্রতিবেদনে এ তথ্য জানায়। বুধবার উত্তর ভারতের উত্তর প্রদেশ রাজ্যে মহা কুম্ভমেলা

এরপর ৩ পৃষ্ঠায়

## মোদির শাসনামলে হতাশা বাড়ছে ভারতীয়দের



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শাসনামলে হতাশা বাড়ছে দেশটির নাগরিকদের মধ্যে। স্থবির মজুরি ও উচ্চ জীবনযাত্রার ব্যয়ের কারণে ক্রমেই দেশটির নাগরিকদের একটি বড় অংশ হতাশায় নিমজ্জিত হচ্ছে।

নতুন একটি জরিপের বরাত দিয়ে বুধবার ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্স এ তথ্য জানিয়েছে।

জরিপ সংস্থা সি-ভোটার- এর প্রকাশিত তথ্যানুসারে, বাজেট-পূর্ব জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে ৩৭ শতাংশেরও বেশি জানিয়েছেন, তারা আগামী বছর সাধারণ মানুষের জীবনযাত্রার মান আরও খারাপ হওয়ার আশঙ্কা করছেন, যা ২০১৩ সালের পর সর্বোচ্চ। মোদি ২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রীর দায়িত্বে রয়েছেন।

সি-ভোটার জানিয়েছে, এই অনুসন্ধানের জন্য তারা ভারতের বিভিন্ন রাজ্যের ৫ হাজার ২৬৯ জন প্রাপ্তবয়স্কের ওপর জরিপ চালিয়েছে।

অবিরাম খাদ্য মূল্যস্ফীতি ভারতীয় পরিবারের বাজেটকে সংকুচিত করে দিয়েছে এবং

এরপর ৩ পাতায়






# কলকাতায় সাহিত্যিক পৃথ্বীরাজ সেনের ড: স্বপন দত্ত বাউলকে স্বর্ন পদকে সম্মান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিশ্ববাঙালির জীবন্ত কিংবদন্তি বিশ্ববাংলার গৌরব ও অহংকার বিশ্বনন্দিত সাহিত্যিক পৃথ্বীরাজ সেনের ৬৯ তম জন্ম জয়ন্তী উৎসব কলকাতা সল্টলেক সেক্টর ৩ রঙ্গ মঞ্চ অডিটোরিয়াম ইস্ট্রান জোনাল কালচারাল সেন্টারে সাড়ম্বরে অনুষ্ঠিত হয়ে গেলো।নাচে গানে কবিতার সারাদিন ধরে জমজমাট অনুষ্ঠানে অসংখ্য কবি ,সাহিত্যিক ,শিল্পী, সাংস্কৃতিক জগতের মানুষ ও গুণীজনের উপস্থিত ছিলেন । উক্ত বাঙালি বিশ্বকোষ অনুষ্ঠানে গৌরবময় উপস্থিতি সাহিত্যিক পৃথ্বীরাজ সেনের কাছে স্বর্ণ পদকে সম্মানিত হয়ে পৃথ্বীরাজ সেনের আশির্বাদ পেলেন ড: স্বপন দত্ত বাউল। নিঃস্বার্থ সমাজ সচেতনের বাউল গান শুনে প্রশংসায় পঞ্চমুখ হয়ে স্বপন দত্ত বাউলকে জড়িয়ে ধরে সাহিত্যিক পৃথ্বীরাজ সেন বলেন বাউল তোমায় হৃদ মাঝারে রাখব ছেড়ে দেব না।। ড: স্বপন দত্ত বাউল বলেন এর আগে বর্ধমানের জেলা শাসক ডক্টর সুব্রত গুপ্ত ও পরে দিল্লিতে ভারত মহাসভা হিন্দু হলে আমি স্বর্ণ পদকে সম্মানিত হয়েছিলাম আমার বহুমূখী প্রতিভার জন্য। এবার সাহিত্যিক পৃথ্বীরাজ সেন মহাশয় স্বর্ন পদক তুলে দিলেন আমার নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন কুসংস্কার কুপ্রথা দূরীকরণ এবং দেশে বিদেশে শান্তি সম্প্রীতির বাউল গানে বার্তায় অনন্য অবদানের জন্য। আমি এই নিয়ে জীবনে ৩ বার স্বর্ন পদকে সম্মানিত হতে পেরে খুবই আনন্দিত।

## উত্তরবঙ্গ থেকে পদ্মশ্রী পাচ্ছেন নগেন্দ্রনাথ রায় , তার বাড়িতে গিয়ে তাকে সংবর্ধনা জানিয়ে আসলেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

উত্তরবঙ্গ থেকে পদ্মশ্রী পাচ্ছেন নগেন্দ্রনাথ রায় , তার বাড়িতে গিয়ে তাকে সংবর্ধনা জানিয়ে আসলেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ।

তার বাড়িতে গিয়ে, কার পরিবারের সাথে দেখা করলেন বিধায়ক শংকর ঘোষ। বিধায়ক জানালেন এটা আমাদের উত্তরবঙ্গ বাসীদের কাছে রীতিমত গর্বের বিষয় , আমরা এই যে এমন একজনকে পেলাম যিনি আমাদের গর্বিত করলেন, আমরা উত্তর বঙ্গবাসীরা গর্ববোধ করলাম এই এমন একজনের জন্য যিনি তার মাধ্যম দিয়ে ওটা বাংলাকে গর্বিত করলেন। বিধায়ক তার কাছে গিয়ে তাকে জানতে চান, আর কোন সমস্যা আছে কিনা, এবং কোন দরকার হলে তিনি যেন তাকে ফোন করে ন শুভেচ্ছা জানান তাকে। বিধায়ক আরো জানালেন যখনই শুনেছি উনি পদ্মশ্রী পাচ্ছেন ছুটে গেলাম তার কাছে। অভিনন্দন জানালাম। সত্যি এটা গর্ব করার মত। আমাদের উত্তরবঙ্গ থেকে কেউ গর্ব করার মতো পুরস্কার পেলেন। মাথায় রাখবো সারা জীবন , জানালেন বিধায়ক।

# চলছে" দুয়ারে সরকার" মানুষের উৎসাহ বাড়ছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



গত ২৪ তারিখ থেকে চলছে " দুয়ারে সরকার"। চলবে আগামী এক তারিখ পর্যন্ত। এবারের দুয়ারে সরকারের মূল আকর্ষণ হল লক্ষীর ভান্ডার। যেটা পেতে ভিড় উপচে পড়েছে , গত কয়েকদিন ধরে শিলিগুড়ি ৪৭ টি ওয়ার্ডের মহিলা কর্মীরা পরিষেবা দিয়ে চলেছেন সাধারণ মানুষকে। শিলিগুড়ি ১৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর শ্রাবণী দত্ত , জানালেন গত ২৪ তারিখ থেকে চলছে দুয়ারে সরকার পরিষেবা, চলবে ১ তারিখ পর্যন্ত মানুষ আসছেন আমার বাড়িতে পরিষেবা পেতে। অনেক কিছু তৈরি করে তবেই আবেদনপত্র জমা দিতে হয়। এটাও একটা গুরুত্বপূর্ণ কাজ, আমি আমার কর্মীদের বলে দিয়েছি, আবেদনপত্র যতটা সম্ভব জানো সঠিক থাকে। কোন সমস্যা যাতে তৈরি না হয়, কারণ মুখ্যমন্ত্রীর প্রচেষ্টা একটাই যাতে মানুষ সুযোগ-সুবিধা গুলি পায়। বিশেষ করে যারা একেবারেই দুস্থ তাদের জন্য। আমি ব্যক্তিগতভাবে প্রচন্ড চেষ্টা করছি, জানালেন কাউন্সিলর এবং এমএমআইসি শ্রাবণী দত্ত। তিনি আরো জানালেন আমার দরকার মানুষকে পরিষেবা দেওয়া, সেটা যেভাবেই হোক আমি করব,। জানালেন তিনি। আগামী এক তারিখ পর্যন্ত শিবিরের কাজ। আর সেই দিক থেকে দেখতে গেলে, এটা আমাদের কাছে এক বিশাল দায়িত্ব জানালেন শ্রাবণী দত্ত।







(১ম পাতার পর)

# মোদির শাসনামলে হতাশা বাড়ছে ভারতীয়দের

ব্যয় ক্ষমতাকে সংকুচিত করে তুলেছে। মূল্যস্ফীতি বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতির দেশটির প্রবৃদ্ধি চার বছরের মধ্যে সবচেয়ে ধীর গতির হবে।

জরিপের প্রায় দুই-তৃতীয়াংশ উত্তরদাতা জানিয়েছেন, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে নেই এবং মোদি প্রধানমন্ত্রী হওয়ার পর থেকে দাম বেড়েছে।

অন্যদিকে অর্ধেকেরও বেশি জানিয়েছেন, মুদ্রাস্ফীতির হার তাদের জীবনযাত্রার মানে 'বিরূপ' প্রভাব ফেলেছে। প্রায় অর্ধেক উত্তরদাতা জানিয়েছেন, গত বছর তাদের ব্যক্তিগত আয় একই ছিল, যদিও খরচ বেড়েছে, প্রায় দুই-তৃতীয়াংশ জানিয়েছেন, ক্রমবর্ধমান খরচে সংসার পরিচালনা করা কঠিন হয়ে পড়েছে।

গত বাজেটে মোদি সরকার ভারতে কর্মসংস্থান সৃষ্টির জন্য বিভিন্ন প্রকল্পে পাঁচ বছরের জন্য প্রায় ২৪ বিলিয়ন ডলার ব্যয় বরাদ্দ দিয়েছিল। কিন্তু সেই কর্মসূচিগুলো এখনও বাস্তবায়িত হয়নি।

(১ম পাতার পর)

# ভারতে কুম্ভমেলায় পদদলিত হয়ে নিহত বেড়ে ৪০

বা গ্রেট পিচার ফেস্টিভ্যালে এ ঘটনা ঘটেছে। ধারণা করা হচ্ছে, মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। প্রতিবেদনে বলা হয়, গঙ্গা, যমুনা এবং সরস্বতী নদীর মিলনস্থলে পুণ্যস্নান করতে গিয়ে এ ঘটনা ঘটে। হতাহতদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়। এদের মধ্যে ১২ ঘণ্টার মধ্যে ৪০ জনকে মর্গে নেওয়া হয়। আহত অনেকের অবস্থা আশঙ্কাজনক। তবে সিনিয়র পুলিশ অফিসার বৈভব কৃষ্ণের সাথে মন্তব্যের জন্য যোগাযোগ করা হলে তিনি বলেন, ভিড় সামলাতে ব্যস্ত থাকার কারণে পুলিশ আনুষ্ঠানিক সংখ্যা জানাতে পারছে না। পরে বিস্তারিত জানানো হবে।

দেশটির এক কর্মকর্তা জানান, মেলায় লাখ লাখ মানুষ পুণ্যস্নান করতে জমা হয়েছিলেন। ঘটনাস্থলে ড্রোন ফুটেজে দেখা গেছে, ভোর হওয়ার সাথে সাথে লাখ লাখ ভক্ত কাঁধে কাঁধ মিলিয়ে মহাকুম্ভমেলার সবচেয়ে শুভ দিনটি উপলক্ষে পবিত্র স্নানের জন্য আসেন। তবে অতিরিক্ত ভিড়ের কারণে অনেকে হুড়োহুড়ির মধ্যে পড়ে যান। এছাড়া আচমকা ধাক্কাধাক্কি শুরু হওয়ায় অনেকে ভিড়ের মধ্যে আটকা পড়েন।

কর্মকর্তারা জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য একটি র‍্যাপিড অ্যাকশন ফোর্সের (র‍্যাফ) একটি বিশেষ ইউনিট মোতায়েন করা হয়েছে। তারা উদ্ধার তৎপরতা চালাচ্ছে। সংবাদ সংস্থা এএনআই জানিয়েছে, এ ঘটনায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সঙ্গে কথা বলেছেন। তিনি এ ঘটনায় তাৎক্ষণিক পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন।

## তামিলনাড়ু ও কেরালায় আটক হলো ১৭ বাংলাদেশি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতে ১৭ বাংলাদেশি নাগরিককে আটক করা হয়েছে। দেশটির দক্ষিণাঞ্চলীয় দুই রাজ্যে — তামিলনাড়ু ও কেরালা — পৃথক অভিযান চালিয়ে তাদের আটক করেছে দেশটির পুলিশ বাহিনী।

এর মধ্যে তামিলনাড়ুর তিরুপুরেই আটক করা হয়েছে ১৫ জনকে। বুধবার (২৯ জানুয়ারি) পৃথক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম দ্য হিন্দু ও দ্য নিউ ইন্ডিয়ান এক্সপ্রেস। সংবাদমাধ্যম বলছে, জাল কাগজপত্র নিয়ে অবৈধভাবে থাকার অভিযোগে মঙ্গলবার তামিলনাড়ুর তিরুপুরে ১৫ জন বাংলাদেশিকে আটক করা হয়েছে। তারা হোসিয়ারি ইউনিটে চাকরি নিতে তিরুপুরে এসেছিলেন বলে জানা গেছে।

তাদের মধ্যে ১০ জনকে নাল্লুর কাসিপালায়ম-কাঞ্চিনগর এলাকায় গ্রেপ্তার করা হয়, আর বাকিদের থিরুমুরগানপুন্ডি থানার

এরপর ৪ পাতায়

# আত্মপ্রচার ও ভিআইপি নিরাপত্তায় জোর, বিরোধীদের তোপ! গঙ্গাসাগরের দৃষ্টান্ত টানলেন মমতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের উত্তর প্রদেশে কুম্ভমেলায় পদপিষ্টের ঘটনার পর ১০ ঘণ্টা অতিক্রান্ত হয়েছে। বেশ কয়েক জনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। আহত হয়েছেন বহু মানুষ। ঘটনাস্থল জুড়ে বর্তমানে শুধুই হাহাকার। পরিস্থিতি মোকাবিলায় ব্যস্ত প্রশাসন। সেই আবহেই এ বার সরব হলেন বিরোধীরা। আঙুল উঠল উত্তরপ্রদেশের বিজেপি সরকারের দিকে।

মঙ্গলবার (২৮ জানুয়ারি) মৌনী অমাবস্যা উপলক্ষে ত্রিবেণী



সঙ্গমে যে কয়েক কোটি মানুষ জড়ো হবেন, তা আগে থেকেই আঁচ করা গিয়েছিল। তার পরেও কেন পর্যাপ্ত ব্যবস্থাপনা ছিল না, প্রশ্ন উঠছে তা নিয়েই। এ জন্য সরাসরি উত্তরপ্রদেশের যোগী আদিত্যনাথ সরকারকে দায়ী করেছে কংগ্রেস। কংগ্রেসের দাবি, প্রস্তুতির বদলে আত্মপ্রচারকে 'পাখির চোখ' করে এগোনোর জেরেই এত বড় দুর্ঘটনা। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর কথায়, "অপর্যাপ্ত ব্যবস্থাপনা, সাধারণ মানুষের তুলনায় ভিআইপিদের বেশি গুরুত্ব দেওয়া— এ সবের কারণেই দুর্ঘটনা ঘটেছে।

শুধুমাত্র বিশেষ ব্যক্তিদের প্রাধান্য দেওয়া এ বার বন্ধ করা উচিত। ভবিষ্যতে আর যাতে এ

এরপর ৫ পাতায়

## সম্পাদকীয়

### সামুদ্রিক মৈত্রী বৃদ্ধি - ভারতীয় নৌ বাহিনী স্বাগত জানিয়েছে ইন্দোনেশিয়ার নৌ বাহিনীর প্রতিনিধি দলকে

২০২৫-এর সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে প্রধান অতিথি প্রেসিডেন্ট প্রাবোবো সুবিয়ান্তর সঙ্গী উচ্চস্তরের প্রতিনিধি দলের অঙ্গ হিসেবে সরকারিভাবে ভারত সফর করছেন ইন্দোনেশিয়ার নৌ বাহিনীর প্রধান অ্যাডমিরাল মহম্মদ আলি। এই সফরে অ্যাডমিরাল মহম্মদ আলি এবং নৌ বাহিনীর প্রধান অ্যাডমিরাল দিনেশ কে ত্রিপাঠী দ্বিপাক্ষিক আলোচনা করলেন জলপথে সহযোগিতা বৃদ্ধি এবং দুই সামুদ্রিক প্রতিবেশীর মধ্যে মৈত্রী জোরালো করতে।

দুই নৌ বাহিনীর প্রধানের মধ্যে আলোচনা হল প্রধানত 'সমুদ্র শক্তি' মহড়ার মতো যৌথ উদ্যোগ বৃদ্ধি, কার্যকরী সহযোগিতা শক্তিশালী করা এবং জলদস্যু ও সমুদ্রে অন্যান্য বেআইনি কার্যকলাপ সহ সমুদ্র পথে দুই দেশের যৌথ সমস্যার মোকাবিলা করা নিয়ে।

এই সফরে আরও যা হয়েছে, তা হল ইনফরমেশন ফিউশন সেন্টার – ইন্ডিয়ান ওশান রিজিয়ান (আইএফসি-আইওআর) এবং ওয়েপনস অ্যান্ড ইলেকট্রনিক্স সিস্টেমস অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এসটাব্লিশমেন্ট (ডাব্লুইএসইই)-এর মতো গুরুত্বপূর্ণ সমুদ্র সংক্রান্ত সংস্থার মধ্যে যোগাযোগ যেখানে জোর দেওয়া হবে আঞ্চলিক সহযোগিতা এবং জলপথ এলাকায় সচেতনতা বৃদ্ধির উপর। অ্যাডমিরাল মহম্মদ আলি ব্রাহ্মোস এরোস্পেস প্রাইভেট লিমিটেড (বিএপিএল) পরিদর্শনও করেন এবং প্রতিরক্ষা ও রণকৌশলগত ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও বাড়ানো নিয়ে মত বিনিময় করেন।

অ্যাডমিরাল মহম্মদ আলির সঙ্গে ভারতীয় নৌ বাহিনী এবং প্রতিরক্ষা সংক্রান্ত পক্ষগুলির যোগাযোগে আঞ্চলিক সহযোগিতার পৃষ্ঠপোষকতা এবং নিরাপদ ও শান্তিপূর্ণ সমুদ্র পথ সুনিশ্চিত করতে দুই দেশের দায়বদ্ধতা প্রতিফলিত হয়।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(তেইশতম পর্ব)



বাড়ি ছিল না। চারদিকে বন আর মধ্যে মধ্যে পর্ণ কুটির। ভুবনেশ্বর ব্রহ্মচারী এই ক্ষুদ্র কালী মন্দিরে অনেকগুলো শালগ্রাম শিলা সংগ্রহ করে রেখেছিলেন। সেগুলো এখনও মায়ের মন্দিরের মধ্যে রয়েছে। তারপর থেকে ব্রহ্মচারী প্রস্তরময় সতীঅঙ্গ যত্ন সহকারে সেখানে রেখে প্রতিদিন সেই নির্জন বনে এসে কালীমূর্তি ও নকুলেশ্বরের পূজো করতেন। ক্রমে ক্রমে এই জায়গার স্থান মাহাত্ম্য জনসমাজে ছড়িয়ে পড়ল। কালীর সেবায়েতদের মধ্য ভুবনেশ্বর চক্রবর্তীর নাম প্রথমেই পাওয়া যায়। তাঁর একটি মাত্র কন্যা সন্তান।

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## তামিলনাড়ু ও কেরালায় আটক হলো ১৭ বাংলাদেশি

ভাভিপালায়ম থেকে আটক করে পুলিশ। এই মাসে এখন পর্যন্ত একজন নারীসহ ৮৩ জন বাংলাদেশি নাগরিককে ১৯৪৬ সালের ফরেনার্স অ্যাক্টের অধীনে অবৈধভাবে অবস্থানের জন্য গ্রেপ্তার করা হয়েছে বলেও পুলিশ সূত্র জানিয়েছে।

এদিকে অবৈধভাবে থাকার অভিযোগে কেরালায় দুই বাংলাদেশিকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার রাজ্যটির কোচি শহরের ভেন্নালায় অবৈধভাবে বসবাসকারী ওই দুই বাংলাদেশি নাগরিককে আটক করা হয়। আটককৃত হলেন— মোহাম্মদ বালজিথ (৩১) এবং মোহাম্মদ বাবু (৩৬), তারা দুজনেই বাংলাদেশের খুলনা জেলার বাসিন্দা।

পুলিশ জানিয়েছে, আটককৃত দুজনেই গত কয়েক বছর ধরে ভেন্নালা এবং পালারিভাট্টমে স্ক্র্যাপ সংগ্রহকারী হিসাবে কাজ করছেন। খবর পেয়ে পুলিশ যাচাই-বাছাইয়ের অংশ হিসেবে তাদের ভাড়া বাড়িতে যায়। প্রাথমিকভাবে, তারা দুজনেই নিজেদের ভারতীয় নাগরিক বলে পরিচয় দেয় এবং তাদের আধার কার্ড প্রদর্শন করে। বালজিথের আধার কার্ডে বেঙ্গালুরুর ঠিকানা থাকলেও বাবুর আধার কার্ডে ছিল নয়াদিল্লির ঠিকানা।

তবে সন্দেহ হলে পুলিশ তাদের মোবাইল ফোন চেক করে দেখে এবং তাদের ফেসবুক অ্যাকাউন্টগুলো বাংলাদেশের ফোন নম্বর ব্যবহার করে তৈরি করা হয়েছে বলে দেখতে পায়। এছাড়াও, বেশ কয়েকটি ফোন কল এবং হোয়াটসঅ্যাপ থেকে বিভিন্ন সময়ে করা কল অন্যান্য বাংলাদেশি নম্বরগুলোতে করা হয়েছিল বলেও জানা গেছে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ব্রাহ্মণ্য দেবদেবীদের জন্য রাজা এবং অভিজাতদের বিপুল পৃষ্ঠপোষণাও নজরে পড়ে। পরে সুলতানি শাসনের ধাক্কায় অনেক দিনের নিস্তব্ধতা। মধ্যযুগের শেষ পর্ব থেকে এক দিকে চৈতন্য-প্রবর্তিত বৈষ্ণবধর্ম, অন্য দিকে আধা-ব্রাহ্মণ্য আধা-লৌকিক শৈবধর্ম যে ভাবে ব্যাপ্ত হয় বাংলা জুড়ে, তাতে স্পষ্টই বোঝা যায়, এ জমি 'অন্য' মতবাদের জন্য কতটা উর্বর ছিল! ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# আত্মপ্রচার ও ভিআইপি নিরাপত্তায় জোর, বিরোধীদের তোপ! গঙ্গাসাগরের দৃষ্টান্ত টানলেন মমতা

ধরনের ঘটনা না ঘটে, সে জন্যও যথাযথ পদক্ষেপ করা উচিত সরকারের।'' একই সুর কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খড়্গের গলাতেও। দুর্ঘটনার পরেই খড়্গে বলেন, ''যথাযথ প্রস্তুতি না থাকা, ভিআইপিদের অগ্রাধিকার দেওয়া, ব্যবস্থাপনার পরিবর্তে আত্মপ্রচারে জোর দেওয়া, এ সবই দুর্ঘটনার নেপথ্য কারণ। হাজার হাজার কোটি টাকা খরচ করেও এ রকম ব্যবস্থাপনা আশা করা যায় না! এ বার অন্তত কেন্দ্র ও রাজ্যের চোখ খুলুক!''

অন্য দিকে, এ রাজ্যের গঙ্গাসাগর মেলার উদাহরণ দিয়ে 'শিক্ষা' নেওয়ার কথা বলেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।মমতা এক্স হ্যান্ডলে পোস্ট করে লিখেন, ''কুম্ভমেলায় পদপিষ্টের ঘটনায় অনেকের মৃত্যুর খবর শুনে আমি মর্মাহত। নিহতদের শোকস্তব্ধ পরিজনদের সমবেদনা জানাই। আমাদের গঙ্গাসাগর মেলা থেকে শিখেছি, এ ধরনের বিপুল জনসমাগমের ক্ষেত্রে সর্বোচ্চ পর্যায়ের পরিকল্পনা ও ব্যবস্থাপনার দরকার হয়। নিহতদের পরিবারের জন্য প্রার্থনা রইল।''

যোগী সরকারের বিরুদ্ধে অভিযোগ এনেছে সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদবও। তাঁর দাবি, দেশের বিভিন্ন প্রান্ত থেকে মহাকুম্ভে আসা সাধুসন্ত ও পুণ্যার্থীদের আস্থা ফেরাতে রাজ্য সরকারের উচিত অবিলম্বে সেনার হাতে মেলাপ্রাঙ্গণের দায়িত্বভার তুলে দেওয়া। অখিলেশের বলেন, ''বিশ্বমানের ব্যবস্থাপনা বলে প্রচার চালানো হয়েছিল। কোথায় সে সব? এ বার সকলের সামনে প্রকৃত সত্য চলে এসেছে। যাঁরা মিথ্যা দাবি করেছিলেন, মিথ্যা প্রচার চালাচ্ছিলেন, তাঁদের সকলকে এই মৃত্যুর দায় নিতে হবে। তাঁদের অবিলম্বে পদত্যাগ করা উচিত!''

যদিও ঘটনার পরেই উদ্বেগ প্রকাশ করেছেন যোগী আদিত্যনাথ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে স্থানীয় প্রশাসনকে সব রকম ব্যবস্থা নেওয়ারও নির্দেশ দিয়েছেন তিনি। পরিস্থিতি সম্পর্কে জানতে যোগীকে চার বার ফোন করেন প্রধানমন্ত্রী মোদী। শুধু প্রধানমন্ত্রী নন, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শাহও যোগীকে ফোন করে পরিস্থিতির খবরাখবর নিয়েছেন। আশ্বাস দিয়েছেন, কেন্দ্রের তরফে সব রকম সাহায্য করা হবে।

উল্লেখ্য, সোমবার গঙ্গা, যমুনা এবং অন্তঃসলিলা সরস্বতী— তিন নদীর সঙ্গমে ডুব দিয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। পরিবারকে নিয়েই প্রয়াগরাজের মহাকুম্ভে গিয়েছিলেন শাহ। পুণ্যস্নানের সময় সঙ্গে ছিলেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং যোগগুরু রামদেবও। যাওয়ার কথা রয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীরও। আগামী ৫ ফেব্রুয়ারি দিল্লিতে ভোটের দিন মহাকুম্ভে তিনি যেতে পারেন বলে খবর। বিশিষ্ট সব নেতাদের নিরাপত্তার জন্য আলাদা ব্যবস্থাও করা হয়েছে। সে দিকেই ইঙ্গিত বিরোধীদের।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# অমিত শাহর সঙ্গে বৈঠক শুভেন্দুর, রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে আলোচনা, উঠল ডিজি প্রসঙ্গও



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর সঙ্গে বৈঠক রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। সূত্রের খবর, বুধবার বিকেলে অমিত শাহর বাসভবনে এই বৈঠক হয়। সেখানে আলোচনা হয়েছে বাংলাদেশ ইস্যু নিয়ে। পাশাপাশি রাজ্যের আইনশৃঙ্খলা নিয়েও বিস্তর কথা হয় বলে জানা যাচ্ছে। এই সব শোনার পর স্বরাষ্ট্র মন্ত্রী দেখার আশ্বাস দিয়েছেন।

সম্প্রতি রাজ্যের একাধিক জায়গা থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধারের খবর পাওয়া গিয়েছে। খুন হয়েছেন তৃণমূল নেতা-সহ অনেকে। এই পরিস্থিতিতে প্রশ্নের মুখে রাজ্যের আইনশৃঙ্খলা। বুধবার মূলত সেই নিয়েই শাহী দরবারে পৌঁছন শুভেন্দু। এই সব নিয়ে আলোচনার পাশাপাশি ওঠে বাংলাদেশ প্রসঙ্গ। সূত্রের খবর, যেহেতু বাংলাদেশের সীমান্ত রয়েছে বাংলায়। তাই প্রতিবেশী দেশ ও তা নিয়ে বাংলার বর্তমান অবস্থান ও পরিস্থিতি প্রসঙ্গেও কথা হয়।

এছাড়া পশ্চিমবঙ্গে কোনও স্থায়ী ডিজি নেই বলে স্বরাষ্ট্র মন্ত্রীকে জানান শুভেন্দু অধিকারী। তাঁর মতে, স্থায়ী ডিজি নিয়োগ করতে হলে কেন্দ্রীয় সরকারের কাছে প্রথমে তিনটি নাম পাঠাতে হয় রাজ্যকে। তারপর সেখান থেকে একজনকে নির্বাচন করে দেয় কেন্দ্র। কিন্তু রাজীব কুমারের ক্ষেত্রে এই নিয়ম যথার্থভাবে মানা হয়নি। রাজীব কুমারকে তাই স্থায়ী ডিজি হিসেবে বিবেচনা করতে নারাজ বিরোধী দলনেতা। সব শুনে দেখে নেওয়ার আশ্বাস দিয়েছেন অমিত শাহ। সূত্রের খবর, বাংলাদেশ প্রসঙ্গে জানিয়েছেন, ভারত সরকারের তরফে পদক্ষেপ করা হচ্ছে, সবরকম ব্যবস্থা করা হবে।

# মোদিকে ফোনে অস্ত্র কেনার চাপ ট্রাম্পের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**


ডোনাল্ড ট্রাম্প (বামে) ও নরেন্দ্র মোদি।

আগামী দিনে যুক্তরাষ্ট্রের সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ক মসৃণ থাকবে না বলে ধারণা কূটনৈতিক মহলের। তাদের মতে, দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে ক্ষমতার মসনদে বসার পর নরেন্দ্র মোদির সঙ্গে প্রথম কথোপকথনেই তা স্পষ্ট করে দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প।

কার্যত ভারতের উপর শুল্ক চাপানোর জুজুকে ট্রাম্প তার দেশ থেকে আরও বেশি অস্ত্র কেনার সঙ্গে সংযুক্ত করতে চাইছেন বলে মনে করা হচ্ছে। এই পরিস্থিতিতে প্রতিরক্ষা ক্ষেত্রে ভারতের দীর্ঘদিনের অংশীদার রাশিয়া এবং যুক্তরাষ্ট্রের মধ্যে ভারসাম্য বজার রাখা ভূকৌশলগতভাবে চাপের বিষয় হয়ে উঠতে চলেছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে দাবি করা হয়েছে, সোমবার ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে মার্কিন প্রেসিডেন্টের ফোনালাপের পরে হোয়াইট হাউসের বিবৃতিতে বলা হয়েছে, ভারতকে তার দেশ থেকে আরও বেশি করে প্রতিরক্ষা সরঞ্জাম (অস্ত্রশস্ত্র) কেনার কথা বলেছেন দিয়েছেন ট্রাম্প। সেই সঙ্গে আরও 'ন্যায্য' দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক গড়ে তোলার উপরেও জোর দিয়েছেন তিনি। যদিও নির্দিষ্টভাবে এই দু'টি স্পর্শকাতর বিষয় নিয়ে কোনও উচ্চবাচ্য করা হয়নি ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে। সাউথ ব্লকের বিবৃতিতে শুধুমাত্র জানানো হয়েছে, প্রযুক্তি, বাণিজ্য, বিনিয়োগ, শক্তি এবং প্রতিরক্ষার মতো বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়েছে দুই শীর্ষ নেতার।

মোদির সঙ্গে বাক্যালাপের পর ট্রাম্প ফ্লোরিডায় এক দলীয় আলোচনায় নেতাদের বলেছেন, "যেসব দেশ আমাদের সত্যিই ক্ষতি করতে চায়, সেই সব বাইরের দেশ এবং ব্যক্তির উপর আমরা শুল্ক চাপাব। আমাদের কাছে ক্ষতিকর, কিন্তু আসলে নিজেদের দেশের ভালই করতে চায় তারা। দেখুন না অন্যরা কী করছে! চীন বিপুল কর চাপিয়ে থাকে। ভারত, ব্রাজিল-সহ অন্য দেশও কিছু কম নয়। আমরা আর এটা হতে দিতে পারি না। আমরা আমেরিকাকেই অগ্রাধিকার দেব।"

অতীতেও এই বিষয়গুলো উত্থাপন করেছেন ট্রাম্প। বাণিজ্যের ক্ষেত্রে তিনি মাঝেমধ্যেই ভারতকে 'শুল্কের রাজা' হিসেবে উল্লেখ করেন। পাশাপাশি গত দু'দশকে আমেরিকা থেকে প্রচুর প্রতিরক্ষা সরঞ্জাম কিনেছে ভারত। সম্প্রতি দু' দেশের মধ্যে তিনশ' কোটি ডলারের প্রিডেটর ড্রোন কেনারও চুক্তি হয়েছে। কিন্তু তারপরও ভারতের প্রতিরক্ষা নীতি (প্রতিরক্ষা সরঞ্জাম) নিয়ে আমেরিকার কিছুটা ক্ষোভ আছে বলে সংশ্লিষ্ট মহলের অভিমত।

রাশিয়া, ফ্রান্সের মতো দেশ থেকে প্রতিরক্ষা সরঞ্জাম কেনা এবং 'মেক ইন ইন্ডিয়া'-র উপরে জোর দেওয়ার ব্যাপারটা মেনে নিতে পারছে না আমেরিকা, যা মোদি ও ট্রাম্পের কথার পর হোয়াইট হাউসের বিবৃতিতেও কিছুটা ফুটে উঠেছে।

## ভারতীয় জেলেকে শ্রীলঙ্কার নৌবাহিনীর গুলি, ভারতের প্রতিবাদ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

জাফনা সাগরে ভারতীয় জেলেরা সমুদ্রসীমা অতিক্রম করে অবৈধভাবে মাছ ধরার সময় তাদের লক্ষ্য করে গুলি ছুঁড়েছে শ্রীলঙ্কার নৌবাহিনী। এতে কয়েকজন ভারতীয় জেলে আহত হয়েছেন। এ ঘটনায় শ্রীলঙ্কার কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত।

মঙ্গলবার (২৮ জানুয়ারি) আন্তর্জাতিক সমুদ্রসীমা পেরোনোর অভিযোগে শ্রীলঙ্কা নৌবাহিনীর হাতে গ্রেফতার হওয়া ১৩ জন জেলের মধ্যে আহত দুই জেলে রয়েছেন। তারা পালানোর চেষ্টা করার সময় গুলিতে আহত হয়েছেন।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, তারা এ ঘটনায় নয়া দিল্লিতে অবস্থানরত শ্রীলঙ্কার ভারপ্রাপ্ত হাই কমিশনারকে তলব করেছে। তার কাছে কড়া প্রতিবাদ জানানো হয়েছে।

পররাষ্ট্র মন্ত্রণালয় আরও বলেছে, কলম্বোতে ভারতের হাই কমিশনও শ্রীলঙ্কা সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে বিষয়টি তুলে ধরেছেন।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, মাছধরা ওই নৌযানে মোট ১৩ জন জেলে ছিলেন। তার মধ্যে দু'জন 'মারাত্মক আহত' হয়েছেন। বর্তমানে তারা জাফনা টিচিং হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। তিনজনে জেলে অল্প আহত হয়েছেন। তাদের অবস্থা স্থিতিশীল।

## RG কর নির্যাতিতার বাবা-মাকে বড় নির্দেশ সুপ্রিম কোর্টের !



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

RG কর কাণ্ডে দোষী সঞ্জয় রায়ের ফাঁসির দাবিতে ইতিমধ্যেই কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা CBI। এদিকে আবার সঞ্জয় পালটা শাস্তি মকুবের দাবিতে হাই কোর্টে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। উল্টোদিকে নির্যাতিতার বাবা-মা হাই কোর্টে স্পষ্ট জানিয়ে ফি যে, তাঁরা সঞ্জয়ের ফাঁসি চান না। যার ফলে আরজি কর কাণ্ডে নির্যাতিতার পরিবারের অবস্থান নিয়ে খানিকটা ধন্দ তৈরি হয়েছে। আর এই আবহে এবার সুপ্রিম কোর্ট নির্যাতিতার পরিবারকে নতুন করে মামলা আবেদন করার নির্দেশ জানিয়েছে।

সূত্রের খবর, আজ অর্থাৎ বুধবার শুনানির শুরুতেই প্রধান বিচারপতি সঞ্জীব খান্না নির্যাতিতার পরিবারকে জানায় যে, "আপনাদের আবেদনে এমন কিছু বিষয় রয়েছে যা বিতর্কিত। আদালতে আজ যা-ই বলা হোক না কেন, সেটার সুদূরপ্রসারী প্রভাব পড়বে।" তার কারণ হাইকোর্টের নির্দেশে আরজি কর ঘটনায় তরুণী চিকিৎসক ও খুনের মামলার তদন্ত শুরু করেছিল CBI। সেই তদন্তের ভিত্তিতে যখন সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করে সাজা শুনিয়েছে নিম্ন আদালত, তখন সিবিআই তদন্তে অসন্তুষ্ট নিহত চিকিৎসকের বাবা-মা। অভিযোগ CBI ঠিকভাবে তদন্ত করেনি। যা নিয়ে বেশ সমালোচনা হয় আইনজীবী মহলে।

# সিনেমার খবর

## তেলেগু সিনেমায় শিবরূপে অক্ষয়



‘কান্নাপ্পা’ সিনেমার পোস্টারে ফার্স্টলুকে অক্ষয় কুমার।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউডে ৩৭ বছরের ক্যারিয়ারে সফল অক্ষয় কুমার। উপহার দিয়েছেন অসংখ্য হিট সিনেমা। ৩৭ বছর পর এবার বলিউডের বাইরে পা বাড়ালেন অভিনেতা। তেলেগু ইন্ডাস্ট্রিতে অভিষেক হতে যাচ্ছে বলিউড খিলাড়ির।

আসন্ন সিনেমা ‘কান্নাপ্পা’তে অক্ষয়ের দেখা মিলবে দেবতা শিবের রূপেই। প্রকাশ্যে এলো অক্ষয়ের ফার্স্টলুক।

গত বছর (২০২৪) এপ্রিলেই অক্ষয়ের ‘কান্নাপ্পা’তে অভিনয়ের কথা প্রকাশ করেছিলেন সিনেমাটির নির্মাতারা। অবশেষে সামনে এল আক্কির ‘কান্নাপ্পা’ লুক।

এক হাতে ত্রিশূল, অন্য হাতে ডমরু, মাথায় জটা, গলায় রুদ্রাক্ষের মালা, আর কোমরে বাগছাল। ত্রিশূলটি ছুড়ে দেবেন, এমন ভঙ্গিমাতেই সেটি ধরে রয়েছেন। সোমবার সকালে এভাবেই শিবের অবতারে সামনে এলেন অক্ষয় কুমার। আর এটাই তার তেলুগু সিনেমা ‘কান্নাপ্পা’র ফার্স্টলুক।

সামাজিক যোগাযোগ মাধ্যমে ‘কান্নাপা’র ফার্স্টলুক শেয়ার করে অক্ষয় লেখেন, ‘কান্নাপ্পা’র জন্য মহাদেবের পবিত্র আভায় পা রাখা। এই মহাকাব্যিক কাহিনিকে জীবন্ত করে তুলতে পেরে সম্মানিত। ভগবান শিব আমাদের এই ঐশ্বরিক যাত্রায় পথ দেখান। ওম নমঃ শিবায়!’


এদিকে অক্ষয়ের সিনেমার পোস্টার শেয়ার করার পরই পরই তার এই লুক বেশ ভাইরাল হয়েছে। প্রশংসায় ভাসাচ্ছেন ভক্তরা।

মোহন বাবু প্রযোজিত ‘কান্নাপ্পা’তে মুখ্য চরিত্রে অভিনয় করছেন বিষ্ণু মাঞ্চু। এ ছাড়া রয়েছেন প্রভাস, অক্ষয় কুমার, মোহনলাল, শরৎকুমার, মধু, মোহন বাবু, কাজল আগরওয়াল এবং ব্রহ্মানন্দনের মতো তারকারা। ভগবান শিবের ওপর ভিত্তি করে পৌরাণিক প্রেক্ষাপটে তৈরি হয়েছে সিনেমাটি। অক্ষয় এতে গুরুত্বপূর্ণ ভূমিকায় রয়েছেন।

জানা যাচ্ছে, চলতি বছরের ২৫ এপ্রিল প্রেক্ষাগৃহে মুক্তি পাবে সিনেমাটি।

## অন্য কারো জন্য নিজের জায়গা ছেড়ে দেব- এটা হাস্যকর: নোরা ফাতেহি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



নোরা ফাতেহি।

তার শারিরীক কসরত যেনো উত্তাল সমুদ্রের ঢেউ। প্রতিটি নাচের স্টেপ যেনো আইকনিক স্টাইল। তিনি নুরা ফাতেহি। বলিউডের ‘আইটেম গার্ল’ কেবল নাচের ছন্দেই অনুরাগীদের আপ্লুত করেন না, নোরার স্টাইলটাও মুগ্ধ করে অনুরাগীদের।

ক’দিন আগে খবর আসে এখন বলিউডের গণ্ডি ছেড়ে হলিউডে যাচ্ছেন নোরা। গুঞ্জনটা উঠে অবশ্য হলিউডে এক মিউজিক অ্যালবামের কাজ করার সুবাধে। সে বিষয়টি নিয়েই মুখ খুললেন নোরা ফাতেহি।

সম্প্রতি এক সাক্ষাৎকারে নোরা বলেন, ‘আমার ব্যক্তিগত কোনো জীবন নেই। আপনি যদি মনে করেন আমি অন্য কারো জন্য নিজের জায়গা ছেড়ে দেব তাহলে আপনি ভুল, এটা ভাবা হাস্যকর। আমি এখানেও থাকব, ওখানেও থাকব, সর্বত্র থাকব আমি। যেমন সিনেমায় অভিনয় করেছি ঠিক তেমনি সংগীত জগতেও কাজ করব।’

নোরা আরও বলেন, ‘আমার মোট তিনটি জগৎ রয়েছে। আমি যেহেতু কানাডায় জন্ম নিয়েছি, তাই সেটি আমার প্রথম জগৎ। মরক্কোয় আমি বহুদিন ছিলাম তাই সেখানে আমার অস্তিত্ব লুকিয়ে রয়েছে। সবশেষে ভারত এমন একটি দেশ যেখানে আমি আমার পরিচয় গঠন করতে পেরেছি, তাই এই দেশের সঙ্গেও আমার ভালোবাসা অপরিসীম।’

আমেরিকান গায়ক জেসন ডেরুলোর সঙ্গে ‘স্নেক’ নামের একটি মিউজিক অ্যালবামে অভিনয় করেছেন নোরা ফাতেহি। ডেরুলোর সঙ্গে কাজ করার অভিজ্ঞতা সম্পর্কে তিনি বলেন, ‘আমি প্রথম প্রথম ভীষণ লজ্জা পেতাম। আমি নিজেই প্রথমে গানটি রেকর্ড করেছিলাম। প্রথমে তার সঙ্গে কোনো সাক্ষাৎ হয়নি আমার। তবে যখন একসঙ্গে ভিডিওতে কাজ করেছি, তখন অনেক গল্প হয়েছে।’

## ভিকির নতুন ছবি মুক্তির তারিখ ঘোষণা



ভিকি কৌশল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চলতি বছরের ১৪ ফেব্রুয়ারি বক্স অফিসে মুক্তি পেতে চলেছে বলিউড অভিনেতা ভিকি কৌশল অভিনীত সিনেমা ‘ছাবা’। এ ছবিতে ভিকিকে দেখা যাবে ছত্রপতি শিবাজীর ভূমিকায়। ২২ জানুয়ারি মুক্তি পাবে এই সিনেমার ট্রেলার।

এই সিনেমাতে একেবারে ভিন্ন এক চরিত্রে দেখা যাবে ভিকিকে। যার জন্য নিজেকে অনেক পরিবর্তন করেছেন ভিকি। এদিকে ক্যাটরিনা কাইফ সামাজিক যোগাযোগ মাধ্যমে ‘ছাবা’ সিনেমার পোস্টার শেয়ার করেছেন।

ভালো কাজ করার জন্য পরিশ্রম জরুরি। তবে তার সঙ্গে কাছের মানুষের সাপোর্টও প্রয়োজন। ভিকির জীবনের অন্যতম ‘সাপোর্ট সিস্টেম’ যে ক্যাটরিনা, সেটা আলাদা করে বলার দরকার পড়ে না। সেটা আরও একবার প্রমাণিত হলো। ‘ছাবা’র পোস্টার প্রকাশ্যে আসার সঙ্গে সঙ্গে ক্যাটরিনা সেটি শেয়ার করেছেন নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে।

শুটিংয়ের আগে ভিকির প্রস্তুতিও ছিল অসামান্য। শুটিং চলাকালীন সময়ে অ্যাকশন দৃশ্যে অভিনয় করার সময় হাতে আঘাত পান ভিকি। এ অবস্থায় শুটিং করেছিলেন তিনি। ভিকির সেই পরিশ্রমের ফল পোস্টারে ফুটে উঠেছে।

# কোহলির পাশে দাঁড়ালেন গাঙ্গুলী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ব্যাট হাতে সময়টা ভালো যাচ্ছিল না বিরাট কোহলির। সময়ের সেরা এই ব্যাটারকে সমালোচনাও সহ্য করতে হচ্ছিল সেই কারণে। কঠোর অবস্থানে চলে গিয়েছিল বোর্ডও। অনেকে তো এরই মধ্যেই বলতে শুরু করেছেন আসন্ন চ্যাম্পিয়নস ট্রফিতেই শেষ হচ্ছে কোহলি অধ্যায়। ভারতের সাবেক কিংবদন্তি ও অধিনায়ক সৌরভ গাঙ্গুলী অবশ্য তেমনটি মনে করেন না। তার মতে, এখনও ক্রিকেটকে অনেক কিছু দেওয়ার আছে কোহলির।



বিরাট কোহলি ও সৌরভ গাঙ্গুলী

সবশেষ অস্ট্রেলিয়া সফরে পার্থ টেস্টে সেঞ্চুরি পেয়েছিলেন কোহলি। মনে হচ্ছিল এবার রানখরা কাটবে। ফের নিয়মিত ব্যাট হাসবে কোহলির। তবে সেটি হয়নি। এরপর ফের ব্যর্থতার বৃত্তে ঘুরপাক খেতে হচ্ছে কোহলিকে। এমনটির কারণ কি। এবার সেই বিষয় নিয়েই কথা বলেছেন গাঙ্গুলী।

কোহলিকে নিয়ে গাঙ্গুলী বলেন, ‘বিরাট কোহলির মতো ক্রিকেটারকে এক জীবনে একবারই দেখা যায়, যেমন ঝুলন ও মিতালি। আন্তর্জাতিক ক্রিকেটে ৮০ সেঞ্চুরি করা অবিশ্বাস্য ব্যাপার। আমার কাছে, তিনি সাদা বলে বিশ্বের সেরা খেলোয়াড়।’

কোহলির সাম্প্রতিক ফর্ম নিয়ে গাঙ্গুলী বলেন, ‘পার্থে সেঞ্চুরির পর সে অস্ট্রেলিয়ায় যেভাবে ব্যাটিং করেছে তাতে আমি সত্যিই অবাক হয়েছি। তিনি এর আগে এখানে (ভারতে) রান পেতে লড়াই করছিলেন। কিন্তু আমি ভেবেছিলাম পার্থে শতরানের পর তার জন্য এটি একটি বড় সিরিজ হবে।’

এরপর গাঙ্গুলী যোগ করেন, ‘কিন্তু ক্রিকেটে এমন ঘটে। আমি মনে করি প্রত্যেক খেলোয়াড়ই তার দুর্বলতা এবং শক্তির জায়গা আছে। কিন্তু যেটা গুরুত্বপূর্ণ সেটা হল- আপনি আপনার দুর্বলতার সাথে কিভাবে খাপ খাইয়ে নিচ্ছেন।’

সম্প্রতি কোহলিকে নিয়ে সমালোচনা ও অবসর ইস্যুতে গাঙ্গুলী বলেন, ‘আমি এখনও মনে করি বিরাট কোহলির এখনও ক্রিকেটকে অনেক কিছু দেওয়ার বাকি আছে।’

## চ্যাম্পিয়ন্স ট্রফি ঘিরে নতুন বিতর্ক, জার্সিতে পাকিস্তানের নাম রাখছে না ভারত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অনেক তর্ক-বিতর্ক আলোচনার পর হাইব্রিড মডেলে এবারের চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজনে রাজি হয়েছে পাকিস্তান বোর্ড। আগামী ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু হতে চলেছে টুর্নামেন্ট। সেই টুর্নামেন্টের আগে আবারও শুরু বিতর্ক। নেপথ্যে ভারতীয় দলের জার্সি।

নিয়ম অনুযায়ী কোনো আইসিসি টুর্নামেন্টের জার্সিতে টুর্নামেন্টের নাম ও লোগোসহ আয়োজক দেশের নামও থাকে। হাইব্রিড মডেলের দরুণ ভারতীয় দল দুবাইয়ে নিজেদের ম্যাচ খেলবে। তবে টুর্নামেন্টের আয়োজক কিন্তু পাকিস্তানই। তাই সেই নিয়ম অনুযায়ী পাকিস্তানের জার্সি থাকবে অংশগ্রহণকারী সকল দেশের জার্সিতে। ঠিক এই জায়াগাতেই আপত্তি ভারতীয় বোর্ডের।

একাধিক রিপোর্ট অনুযায়ী বিসিসিআইয়ের পক্ষ থেকে ভারতীয় দলের জার্সিতে পাকিস্তানের নাম রাখার জন্য দাবি করা হয়েছে। এই দাবির জেরে আবারও একবার গোটা টুর্নামেন্ট নিয়ে বিতর্ক শুরু হয়েছে।

পাকিস্তান ক্রিকেট বোর্ডের এক কর্মকর্তা জানান, ভারতীয় বোর্ড জার্সিতে পাকিস্তানে নাম না রাখতে চাওয়ায় তিনি বিরক্ত। তার মতে অহেতুক ভারতীয় বোর্ড ক্রিকেটের মধ্যে রাজনীতি টেনে আনছে। তার দাবি অনুযায়ী ভারতীয় দল এর আগেও অধিনায়ক রোহিত শর্মাকে টুর্নামেন্টের উদ্বোধনে পাকিস্তানে না পাঠানোর কথা জানিয়ে দিয়েছে। তবে তিনি আশাবাদী যে এক্ষেত্রে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থা আইসিসি এই বিষয়ে হস্তক্ষেপ করে পাকিস্তানের সহায়তায় এগিয়ে আসবে।

## মেসির শিক্ষার অভাব আছে—বললেন মেক্সিকান ফুটবলার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আবারো বিতর্কিত কাণ্ডে জড়ালেন লিওনেল মেসি। ইন্টার মায়ামির হয়ে খেলা ম্যাচে মেক্সিকান ক্লাব নিয়ে বিরূপ ইশারা করেছেন তিনি।

এর আগে কাতার বিশ্বকাপে নেদারল্যান্ডস ম্যাচের পর দেশটির কোচ লুইস ফন গলকে নিয়ে বিতর্কিত মন্তব্য করে আলোচনায় এসেছিলেন আর্জেন্টাইন সুপারস্টার। লম্বা সময় পর তাকে নিয়ে আবারও হচ্ছে সমালোচনা।

প্রাক-মৌসুমের ম্যাচে মেক্সিকান ক্লাব আমেরিকার বিপক্ষে টাইব্রেকারে ৩-২ ব্যবধানে জয়লাভ করে মেসির ইন্টার মায়ামি। ঐ ম্যাচেই মেজাজ ঠিক রাখতে পারেননি আর্জেন্টাইন তারকা। মেসিকে উদ্দেশ্য করে মেক্সিকান ক্লাবের সমর্থকরা দুয়ো দিতে থাকে। জবাবে হাতের তিন আঙুল উঁচিয়ে ধরেন তিনি। বোঝান তিনবার বিশ্বচ্যাম্পিয়ন হওয়ার ব্যাপারটি।



সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে মেসির এই ইঙ্গিতপূর্ণ আচরণ। এতেই সমালোচিত হচ্ছেন আর্জেন্টাইন এই তারকা। তাদের দলে যোগ হয়েছেন মেক্সিকোর সাবেক ফুটবলার আদোলফো বাউতিস্তা। মেসির এই ইঙ্গিতের কড়া সমালোচনা করেন তিনি।

বাউতিস্তা বলেন, ‘খেলোয়াড় হিসেবে আমি তোমার (মেসি) প্রশংসা করি। কিন্তু আমার দেশকে নিয়ে মজা করাটা তোমার পেশাদারি এবং শিক্ষার অভাবকে বোঝায়।’

নিজেদের পরবর্তী ম্যাচে মেসির ক্লাব মায়ামিকে আতিথ্য দেবে পানামার ক্লাব স্পোর্তিং সান মিগুয়েলিতো।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR